

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা  
ই-হজ ব্যবস্থাপনা”।



মুজিব বর্ষের ঘোষণা  
উন্নত হজ ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd)

নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০০২.১৯.৭২৬

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৮  
২৪ নভেম্বর ২০২১

হজ লাইসেন্স নবায়নের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১০(১) অনুযায়ী আগামী ৩১.১২.২০২১ খ্রি. তারিখ বা তার নিকটবর্তী সময়ে যেসকল হজ এজেন্সির লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হবে, সেসকল এজেন্সিকে নবায়নের জন্য আগামী ৩০.১১.২০২১ খ্রি. তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ এজেন্সির নিজস্ব প্যাডে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় দৃ: আ: উপসচিব (হজ অধিশাখা) বরাবর আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো:

- (ক) হালনাগাদ নবায়নকৃত ট্রাভেল লাইসেন্সের সত্যায়িত কপি;
- (খ) ২০২১-২০২২ সালের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;
- (গ) ২০২১-২০২২ অর্থ বছরের পরিশোধিত আয়কর সনদের সত্যায়িত কপি;
- (ঘ) হজ লাইসেন্সের মূল কপি ও ফটোকপি;
- (ঙ) ০১ বছরের নবায়ন ফি মওকুফ হওয়ায় ৩ (তিন) বছর মেয়াদী লাইসেন্স নবায়নের লক্ষ্যে ১-৩৫০১-০০০১-১৮৫৪ নং কোডে নবায়ন ফি বাবদ (৭৫,০০০-২৫,০০০)=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা ১-১১৩৩-০০১০-০৩১১ নম্বর কোডে জমাদান করত: চালানের মূলকপি;
- (চ) ২০১২-২০১৫ সময়ের লাইসেন্স নবায়নের ফি (৬০,০০০/-) এর বকেয়া ভ্যাট ৯,০০০/- (নয় হাজার) টাকা ইতোপূর্বে জমা প্রদান না করা হলে তা কোড নং-১-১১৩৩-০০১০-০৩১১ এ জমা প্রদান করে চালানের মূলকপি;
- (ছ) হজ লাইসেন্সের জামানত বাবদ বিদ্যমান এফডিআর সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়ন পত্র;
- (জ) Hajj Management & Information System (HMIS) সিস্টেমে Submit কৃত হালনাগাদ ফরম-২৫ এর প্রিন্ট কপি;

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হ'ল।

এস. এম. মনিরুজ্জামান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৫৯১

e-mail:morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, তথ্য ও সম্প্রসারণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (সংশ্লিষ্ট হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)।
৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ([www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)।
১২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. মালিক/স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার ..... (হজ এজেন্সি)।
১৪. অফিস কপি।